

হাতি : ক্লাস ৫-৬

(সিউ/এনডিউএস)

হাতি হল বন্য প্রাণী। হাতি আকারে সবচেয়ে বড় প্রাণী। এদের গায়ে জোর খুব বেশী। তাই বাঘের মত হিংস্র প্রাণীরাও হাতিকে ভয় পায়। এড়িয়ে চলে।

হাতির দেহটা বিরাট। একটা লম্বা শুঁড় আছে। হাতির শুঁড়ের দুপাশ দিয়ে দুটো বড় বড় দাঁত বেরোয়। এই হাতির দাঁত খুব দামি সম্পদ। আগে শিকারীরা এই দাঁত নেবার জন্য হাতি শিকার করত। কিন্তু এখন শিকার করা সরকার থেকে বন্ধ করে দিয়েছে। হাতির শরীরের তুলনায় ঢোক খুব ছোট। লেজটাও শরীরের তুলনায় অত্যন্ত ছোট। এরা বনে দল বেঁধে থাকে এবং জোট বেঁধেই চলাফেরা করে। এদের খুব সহজেই পোষ মানান যায়। এরা তৃণভোজী প্রাণী। গাছের পাতা আর কলাগাছ এদের প্রিয় খাদ্য। এখন মানুষ বন কেটে ফেলায় হাতির থাকার জায়গা এবং খাবারে টান পড়ে যাচ্ছে। আমাদের এদিকে নজর দিতে হবে।

আগেকার দিনে রাজ-রাজাদের প্রচুর হাতি থাকত। যুদ্ধের সময় হাতির পিঠে চেপে যুদ্ধ হত। হাতিকে দিয়ে মাল বহন করানো হত। আগে হাতির পিঠে চেপে ঘোরাও হত। কিন্তু এখন এইসব বন্ধ হয়ে গেছে। তবে জঙ্গলে এখনো হাতির পিঠে চেপে যাবার চল আছে।

(ক) আরকেড ইলফোটেক ২০১৪